
# পাঠ — 21


## পয়লা বৈশাখ

**নিজে পড়ো আর শেখো —**



আজ পয়লা বৈশাখ ।
নতুন বছরের প্রথম দিন ।
বাঙালির আজ নতুন
বছরের শুরু ।
শিখদেরও আজ বৈশাখী ।
আজ নতুন বছরের শুরু ।

শহরে গাঁয়ে আজ উৎসব।
ভোরবেলা আজ রতনদাদার দল
পথে পথে বৈতালিক গেয়ে
ফিরেছে । তাতে চিনুমাসির
দলও যোগ দিয়েছিল ।



**পাঠ সংকেত ঃ—** আগে সপ্তাহ, মাস, বছর সম্বন্ধে বলা যায় । উৎসব বিষয়ে বলতে গিয়ে ধর্ম—সংযুক্ত, ধর্মনিরপেক্ষ উৎসব (নববর্ষ, রবীন্দ্র জয়ন্তী, বসন্তোৎসব, স্বাধীনতা দিবস প্রভৃতি) বিষয়ে বলতে পারেন ।

আমরা দল বেঁধে হাসপাতালে গেছিলাম। রুগীদের ফুল ও ফল উপহার দিয়ে এসেছি।

দুপুরে ইস্‌কুলের মাঠে আমরা 'কবিতা বলা' ও বসে আঁকা তে যোগ দিয়েছি। আমি একটা কাপ পেয়েছি। এষা একটা বই পেয়েছে।



বাবা বিকাল হতেই গেছেন দীনু সাহার দোকানে। সেখানে হালখাতা হবে। খাওয়া দাওয়া হবে।

সাঁঝের বেলা ইস্‌কুলের হল ঘরে উৎসব হবে। আলপনা ও আমের শাখা দিয়ে হলঘর সাজানো হয়েছে। রবি ঠাকুর ও নজরুলের গান হবে। ঋতু উৎসবের নাচ হবে। মিনুদের ইস্‌কুলের বড় দিদিমণি নাচ শিখিয়েছেন।

নেতাজী সংঘের ছেলেরা নাটক করবে। সুকুমার রায়ের নাটক —'অবাক জলপান'। তারপর সবাইকে জিলিপি ও নাড়ু দেওয়া হবে।

---

পাঠ সংকেত ঃ— হালখাতা, বৈতালিক, বসে আঁকো ও আবৃত্তি প্রতিযোগিতা বিষয়ে বলুন।

1. **পড়ো —**

| | | | |
|---|---|---|---|
| বৈশাখ, | উৎসব, | বৈতালিক, | হাসপাতাল, |
| উপহার, | হালখাতা, | কবিতা বলো, | বসে আঁকো, |
| ইস্‌কুল, | নজরুল, | রবি ঠাকুর, | দিদিমণি, |
| নেতাজী, | সংঘ, | নাটক, | জলপান, |
| সুকুমার। | | | |

2. **উত্তর দাও —**

- বাংলা নতুন বছর কবে শুরু হয় ?
- বৈতালিক কখন গাওয়া হয় ?
- হাসপাতালে রুগীদের কী দিয়েছিল ?
- এরা কী পেয়েছে ?
- দীনু সাহার দোকানে কী হবে ?
- হলঘর কী দিয়ে সাজানো হয়েছে ?
- নেতাজী সংঘের ছেলেরা কী করবে ?

3. **বাঁদিক ও ডানদিকে যাদের সংগে যার যোগ আছে তাদের রেখা দিয়ে জুড়ে দাও —**

| | |
|---|---|
| শিখা | বৈতালিক |
| রতনদাদা | রুগী |
| হাসপাতাল | বৈশাখী |
| ইস্‌কুল | হালখাতা |
| নেতাজী সংঘ | বড় দিদিমণি |
| ঋতু উৎসব | অবাক জলপান |
| দীনু সাহা | বসে আঁকো |

4. **নিচের যে কথাগুলি ঠিক নয়, তার পাশে X চিহ্ন দাও —**

- পয়লা আষাঢ় নতুন বছর শুরু হয় । ( X )
- রতনদাদারা বৈতালিক গেয়েছে । ( )
- রুগীদের ওষুধ দিয়েছিলাম । ( )
- আমি একটা বই পেয়েছি । ( )
- দীনু সাহার দোকানে হালখাতা হবে । ( )
- ইস্‌কুলের মাঠে উৎসব হবে । ( )

5. **লেখো —**

| | | |
|---|---|---|
| আলপনা | উৎসব | হালখাতা |
| | | |
| বৈতালিক | নজরুল | হাসপাতাল |
| | | |

6. **পড়ো —**

| | | |
|---|---|---|
| ভোর বেলা | সকাল বেলা | দুপুর বেলা |
| বিকাল বেলা | সাঁঝ বেলা | রাতের বেলা |

7. **শুনে লেখো —**

উৎসব, বৈতালিক, হালখাতা, নেতাজী, উপহার,

8. **করতে পারো —**

তোমাদের ইস্‌কুলে পয়লা বৈশাখের উৎসব করো ।